## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নৌ-পরিবহন মন্ত্রণালয় নৌ-পরিবহন অধিদপ্তর প্রশাসন শাখা



১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ www.dos.gov.bd

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০০৮.১৪.০০১.১৭.৬৭১

তারিখ: ২ শ্রাবণ ১৪২৯

১৭ জুলাই ২০২২

বিষয়: সারাদেশব্যাপী নৌশুমারী কার্যক্রম তথা নৌযান গণনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক গৃহীত (নৌযান ডাটাবেস তৈরি ও নৌযান ব্যবস্থাপনায় সক্ষমতা বৃদ্ধিকরণ) প্রকল্পের ডিপিপিতে অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় প্রাক্কলন প্রদান প্রসঞ্জো

সূত্র: নৌ.প.অ. পত্র নং-স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০০৮.১৪.০০১.১৭.৪১৩, তারিখ- ০৮ মে ২০২২ খ্রিঃ।

উপরোক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে বিবিএস কর্তৃক সারাদেশব্যাপী নৌশুমারী কার্যক্রম তথা নৌযান গণনা সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের প্রাক্কলন প্রদানের লক্ষ্যে বিবিএস কর্তৃক চাহিত তথ্যাদি অত্র অধিদপ্তরের সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়েছিল। এমতাবস্থায়, বিবিএস এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আরও উল্লেখ করা হলো যে, নিম্নলিখিত নৌযানসমূহ নৌশুমারীর আওতাভুক্ত হবেঃ

## (১) অভ্যন্তরীণ নৌযানঃ

- (ক) অভ্যন্তরীণ নৌপথে সাধারণত চলাচলরত সকল প্রকার নৌযান যাহা সম্পূর্ণ অথবাআংশিকভাবে জ্বালানি, বিদ্যুৎ, গ্যাস অথবা অন্য কোন যান্ত্রিক শক্তি দ্বারা চালিত;
- (খ) পালচালিত নৌযান, ডাম্ববার্জ অথবা অন্যান্য যে-কোন নৌযান যাহা যন্ত্রচালিত নহে; এবং
- (গ) গুন টানা নৌযান ও অন্য কোন নৌযান যাহা যন্ত্রচালিত নৌযান দ্বারা টানিয়া অথবা ঠেলিয়া চালিত হয়;

## (২) মৎস্য শিকারের নৌযানঃ

মাছ শিকারের জন্য সকল ধরণের বাণিজ্যিক ট্রলার, যান্ত্রিক এবং অযান্ত্রিক মৎস্য নৌযান বা মৎস্য প্রক্রিয়াজাতকরণ বা গুদামজাতকরণের জন্য ব্যবহৃত নৌযান এবং শিকার অভিযানে সহযোগী এবং সহায়ক হিসাবে ব্যবহৃত নৌযানও ইহার অন্তর্ভুক্ত;

## (৩) সমুদ্রগামী ও উপকূলীয় নৌযানঃ

সমুদ্র পথে অথবা উপকূলীয় এলাকায় চলাচলরত সকল প্রকার নৌযান, নৌকা, পালতোলা নৌযান, মাছ ধরার নৌযান এবং এর প্রতিটি বর্ণনা অন্তর্ভুক্ত করে এমন জলযান (জলের উপর একটি নৌবিমান ব্যতীত), যা জলে পরিবহনের উপায় হিসাবে ব্যবহৃত বা ব্যবহার করতে সক্ষম।

39-9-২0২২

কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন. (সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন মহাপরিচালক (রুটিন দায়িত্ব) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

মহাপরিচালক

ফোন: ৯৫১৩৩০৫ ফ্যাক্স: ৯৫৮৭৩০১

ইমেইল: info@dos.gov.bd

**দৃষ্টি আকর্ষণঃ** উপপরিচালক, সেন্সাস উইং, ডাটা ম্যানেজমেন্ট, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)